মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস পালন

মেহেরপুরের আমঝুপিতে আন্তর্িজিাতক গ্রামীণ নারী দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে আজ সোমবার সকাল দশটার দিকে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এএলআরডি‘র সহযোগিতায়, মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মউকের হলরুমে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

এসময় বক্তব্য রাখেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, প্রোগ্রাম ম্যানেজার সানজিদা আক্তার কাজল, জনসমবায় দলের নারীনেত্রী নুরুন্নাহার, আলতাফন খাতুন ও শাহিদা খাতুন প্রমূখ।

সভায় গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদন মূখী উন্নয়ন বিষয়ে সকলের অভিজ্ঞতা তুলে ধরা হয়। এর আগে মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কে একটি মানববন্ধনের আয়োজন করে। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

মেহেরপুর আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত

সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে সেবা গ্রহীতাদের সেতুবন্ধনে গতকাল সকাল ১০টার দিকে মউকের হলরুমে এক লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি’র সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সরকারি সেবার ধরণ ও করণীয় তুলে

ধরে বক্তব্য রাখেন জেলা প্রাণী সম্পদ অফিসার ডাঃ সাইদুর রহমান।

সভায় প্রাণী সম্পদ এর মাধ্যমে বিভিন্ন সেবার ধরণ, সেবার পরিধি ও সেবা প্রাপ্তির অধিকার বিষয়ে বিশদ আলোচনা করেন। সভায় জনসমবায় দলের ৩০জন নারী দলের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভাটি পরিচালনা করেন মউকের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন বিপ্লব।

মেহেরপুরের আমঝুপিতে যুব মহিলা লীগের উঠান বৈঠক

শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌঁছে দিতে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের উদ্যোগে আমঝুপি ইউনিয়ন যুব মহিলা লীগ উঠান বৈঠকের আয়োজন করে।

আজ রবিবার বিকেলে আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ যুব মহিলা লীগ মেহেরপুর শাখার সাধারণ সম্পাদিকা রুথ শোভা মন্ডলের সঞ্চালনায় আমঝুপি ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি শাহিদা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম।

উঠান বৈঠকে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান,মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, মেহেরপুর শহর সমাজসেবা সমন্বয় পরিষদের সভাপতি আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর জেলা ইয়াং বাংলা ফিউচার লিডার্সের সহ-সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ সহ বিভিন্ন নেতা ও নেত্রী এবং কর্মীরা উপস্থিত

মেহেরপুরের আমঝুপিতে মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপিতে মাঠ দিবস অনুষ্ঠিত হয় বিকাল ৪ টায় অনুষ্ঠানের নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার কৃষি অফিসার আলমগীর হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারন অফিসার জাহিদ হাসান , অনুষ্ঠান সঞ্চালন করেন উপ সহকারি কর্মকর্তা আশরাফুল আলম।

প্রধান অতিথি তার বক্তব্যই বলেন নিরাপদ খাদ্য নিশ্চিত করতে কৃটনাশক ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার পরামর্শ দেন তার বিকল্প পথ হল ফেরোমন ফাঁদ তৈরি করে সবজি খেতে টাঙ্গানোর জন্য বলেন।

বিশেষ অতিথি বলেন রাসায়নিক সার অল্প ব্যবহার করেন এবং জৈব সার ব্যবহারে অধিক গুরুত্ব দেন এবং কৃষকভাইয়েরা অধিক ফলন পাবেন কৃষক প্রতিনিধি হিসেবে বক্তব্য রাখেন শহিদুল ইসলাম তার বক্তব্যে তিনি বলেন বর্তমানে লাউ চাষ করে সফলতা পেয়েছি এবং জৈব সার ব্যবহার করে অধিক ফলন পেয়েছি কৃষি কর্মকর্তাদের সহযোগিতা নিয়ে ফেরোমনফাঁদ তৈরি করে কৃটনাশক সবজি বাজারে রপ্তানি করেছি।বর্তমানে শহিদুল ইসলামের ৫ একর লাউ ক্ষেত আছে এবং সে ১৫ লক্ষ টাকার আশাবাদি।

মেহেরপুরের আমঝুপিতে “ওয়াচ

গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত”

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা, ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৩ আগস্ট) সকাল ১০ টার দিকে মউক এর হলরুমে গনসাক্ষরতা অভিযান এর সহায়তায় মানক উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের এই ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারন সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান এর সভাপতিত্বে ওয়াচ গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আমদহ ইউনিয়নের ওয়াচ গ্রুপের সভাপতি বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়া, মেহেরপুর পৌর কাউন্সিলর আব্দুর রহিম, ওয়াচ সদস্য রেশমা খাতুন, সমাজসেবক আব্দুর রকিব ও মীর ফারুক হোসেন।

সভায় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য দূর সহ প্রান্তিক জনগোষ্ঠির শিশুদের বিষয়ে জোর দেওয়া হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

আমঝুপিতে জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ে ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

জাতীয় শোক দিবস উপলক্ষে ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ের সামনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান।

এসময় উপস্থিত ছিলেন, সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন শাখার কৃষকলীগের সভাপতি মহাবুব হক, সাধারন সম্পাদক সাদ আলী।

অনুষ্ঠানে প্রধান অতিধি ছিলেন সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু।

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে এক শোক র্যালি আমঝুপি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করেন। র্যালিতে অংশ গ্রহন করেন আওয়ামীলীগের স্থানীয় নেতা জাকির হোসেন টরী, খায়রুজ্জামান টুটুল, আবুল কাশেম, আঃ কাদের, কিতাব আলী, আলামিন, হাজি আব্দুল জলিল, ফারুক হোসেন, আবুল কালামসহ স্থানীয় নেতা কর্মী।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন শোককে শক্তিতে পরিণত করে আওয়ামীলীগের নেতা কর্মীদের আগামী নির্বাচনের জন্য কাজ করতে হবে। অনুষ্ঠানের দোয়া পরিচালনা করেন আহসানুজ্জামান সাবলু।

অপর দিকে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পতাকা উত্তোলন করেন, প্রধান শিক্ষক আহম্মদ আলী ও রুহুল আমীন। এসময় উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক আবুল হাসান, রাফিউল ইসলাম, বশির আহমেত, আসাদুল হক, আলহাজ।

আমঝুপিতে জাতীয় শোক দিবস পালনে প্রস্তুতি সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে আওয়ামীলীগ দলীয় কার্যালয়ে ১৫ই আগষ্টের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকালে আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ (চুন্নু)।

এসময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন কৃষকলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহাবুবুল হক।

প্রস্তুতি সভায় প্রধান অতিথি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু আমঝুপি ইউনিয়নের প্রতিটা ওয়ার্ডের সভাপতি ও সেক্রেটারীকে নির্দেশ দেন, যথাযোগ্য মর্যাদায় ১৫ই আগষ্ট পালন করতে হবে। স্ব স্ব ওয়ার্ডে ১৫ই আগষ্ট পালন করতে সব ধরনের সহযোগীতা করা হবে। ১৫ই আগষ্ট কাঙ্গালী ভোজের শেষে শোক র্যালীর করার প্রস্তাব গৃহীত হয়।

তিনি আরও বলেন, জাতীয় নির্বাচনকে সামনে রেখে যার যার জায়গা থেকে কাজ করে যেতে হবে।

মেহেরপুরের রঘুনাথপুরে “উঠান বৈঠক অনুষ্ঠিত”

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা, ঝরে পড়া রোধ ও অনিয়মিত বিদ্যালয়ে আসা ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৭ জুলাই) সকাল ১০ টার সময় আমঝুপি ইউনিয়নের রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযান এর সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: মিজানুর রহমানের সভাপতিত্বে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সহকারী শিক্ষক মো: সাইফুল ইসলাম এবং অনুপমা। এছাড়া অনুষ্ঠানে অভিভাবকগণ সহ, জন প্রতিনিধি, এস এম সি, ও ওয়াচ গ্রুপ সদস্য অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ ছাত্রছাত্রীদের অনিয়মিত বিদ্যালয়ে আসা দুর করতে এস.এম.সি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহন করে।

মেহেরপুর আমঝুপিতে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে শেয়ারিং সভা

সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে প্রান্তিক নারী জনসমবায় দলের সদস্য ও দলনেত্রীদের লিংকেজ শেয়ারিং সভা গতকাল সোমবার সকাল ১০টার দিকে মউক এর হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

এএলআরডি’র সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত শেয়ারিং সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রাণী সম্পদ অফিসার ডাঃ মোঃ সাইদুর রহমান।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ আলমগীর হোসেন।

সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রকল্পের এনিমেটর মোঃ শাহিনুর হোসেন।

প্রান্তিক জনগোষ্ঠীর বসত বাড়ীতে ফলমূল ও শাক সবজী চাষে, হাঁস মুরগী ও গবাদীপশু পালন বিষয়ে বিস্তারিত আলোচনায় স্থান পায়। এলাকার ১২টি জনসমবায় দলের ৩২জন দলনেত্রী ও সদস্য উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী মোঃ সাদ আহাম্মদ।

[redacted]

[redacted]